

নিউ ইয়র্ক সিটি  
মেয়রের কার্যালয় এবং  
নিউ ইয়র্ক সিটি নগর পরিকল্পনা বিভাগ  
একটি গণশুনানির বিজ্ঞপ্তি এবং প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনা ও  
প্রণয়ন বিষয়ে মন্তব্যের সময়কাল

সকল আগ্রহী সংস্থা, কমিউনিটি বোর্ড, গ্রুপ এবং ব্যক্তিদের প্রতি:

নাগরিকদের অংশগ্রহণ সংক্রান্ত যুক্তরাষ্ট্র আবাসন ও নগর উন্নয়ন বিভাগ (U.S. Department of Housing and Urban Development, HUD) 24 CFR 91.105 এর সমন্বিত পরিকল্পনার প্রবিধান অনুসারে মেয়রের কার্যালয় নিউ ইয়র্ক সিটির বার্ষিক কর্ম পরিকল্পনা বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলিসহ 30 দিনব্যাপী একটি জনগণের মন্তব্য গ্রহণকাল এবং প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনা বিষয়ে একটি শুনানির সময়সূচি নির্ধারণ করেছে।

প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনা -র উপরে 30 দিনব্যাপী জনগণের মন্তব্য গ্রহণকাল শুরু হবে বৃহস্পতিবার, জুন 27, 2024 থেকে শুক্রবার, জুলাই 26, 2024 পর্যন্ত। আপনার মন্তব্য [conplannyc@cityhall.nyc.gov](mailto:conplannyc@cityhall.nyc.gov) এই ইমেইল ঠিকানায় জমা দিতে পারেন অথবা নিচের ঠিকানায় ডাকযোগে পাঠাতে পারেন:

Lisa Rambaran  
Mayor's Office of Operations  
253 Broadway 10<sup>th</sup> Floor  
New York, New York 10007

প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনা বিষয়ে একটি সশরীর এবং ভার্চুয়াল শুনানি অনুষ্ঠিত হবে বৃহস্পতিবার, জুলাই 18 সন্ধ্যা 6:00-7:00 টা পর্যন্ত। সাধারণ জনগণ সশরীরে বা ভার্চুয়ালি এই শুনানিতে অংশ নিতে পারবেন। ভার্চুয়াল শুনানির লিংক এবং সশরীর শুনানির স্থান সম্পর্কিত তথ্য নিম্নে প্রদত্ত হলো।

জুম বৈঠকের জন্য সিটি সরকারের পরিকল্পনা বিভাগ আপনাকে আমন্ত্রণ জানাচ্ছে

Webinar ID: 878 4971 5042

জনগণের অংশগ্রহণের জন্য ZOOM লিংক:

<https://us06web.zoom.us/j/87849715042?pwd=AaI5MzQFMebS90s5r7E5uoYOEf3BMG.1>

সশরীর বৈঠকের জন্য সিটি সরকারের পরিকল্পনা বিভাগ আপনাকে আমন্ত্রণ জানাচ্ছে

নিউ ইয়র্ক সিটি সরকারের পরিকল্পনা কমিশন শুনানি কক্ষ,

Lower Concourse, 120 Broadway, Manhattan.

প্রস্তাবিত *বার্ষিক কর্ম পরিকল্পনা*টি যুক্তরাষ্ট্র আবাসন ও নগর উন্নয়ন বিভাগ (Department of Housing and Urban Development, HUD) কর্তৃক অপরিহার্য করা হয়েছে। এটি Cranston-Gonzalez আবাসন আইনের সমন্বিত আবাসন ব্যয়ক্ষমতা সংক্রান্ত কৌশলের বিধিবদ্ধ আবশ্যিকতা এবং চারটি HUD কমিউনিটি পরিকল্পনা ও উন্নয়ন কার্যালয়ের (Office of Community Planning and Development) অধিকার কর্মসূচির জন্য সিটির বার্ষিক আবেদনকে একীভূত করে: কমিউনিটি উন্নয়ন ব্লক অনুদান (Community Development Block Grant, CDBG), HOME বিনিয়োগ অংশীদারত্ব (HOME Investment Partnerships), জরুরি সমাধান অনুদান (Emergency Solutions Grant, ESG) এবং এইডস আক্রান্ত ব্যক্তিদের জন্য আবাসনের সুযোগ (Housing Opportunities for Persons with AIDS, HOPWA)।

প্রস্তাবিত কর্ম পরিকল্পনাটি শুধুমাত্র তহবিলের জন্য সিটির আবেদন হিসেবে নয় বরং নিউ ইয়র্ক HOPWA যোগ্য মেট্রোপলিটন স্ট্যাটিস্টিক্যাল এলাকা (HOPWA Eligible Metropolitan Statistical Area, HOPWA EMSA)-এর জন্য HOPWA অনুদানের আবেদন হিসেবেও কাজ করে। HOPWA EMSA নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরো, সেইসাথে তিনটি আপস্টেট নিউইয়র্ক কাউন্টি (Westchester, Rockland এবং Putnam) নিয়ে গঠিত হবে।

পরিকল্পনা প্রণয়ন এবং আবাসন, গৃহহীনদের জন্য পরিষেবা, সহায়ক আবাসন পরিষেবা এবং কমিউনিটির উন্নয়নের চাহিদা, অগ্রাধিকারভিত্তিতে আরও ন্যায্য আবাসন এবং প্রস্তাবিত কার্যক্রম উন্নয়নে নগর সরকারের ফেডারেল তহবিল ব্যবহার সম্পর্কে মন্তব্য পাওয়ার জন্য গণশুনানিটির সময়সূচি নির্ধারণ করা হয়েছে। এছাড়াও, সংস্থার প্রতিনিধিরা 2023 সালে সিটির একীভূত পরিকল্পনা কার্যক্রমের কর্মক্ষমতা সম্পর্কে মন্তব্য পেতে পারেন। এই পরিকল্পনাটি পেতে অনুগ্রহ করে আমাদের সংশ্লিষ্ট পাতাটি দেখুন এখানে: <https://www.nyc.gov/site/operations/projects/consolidated-plan-annual-performance-reports.page>

**2024** সালের কর্মসূচি বছরে সিটি সরকার ফেডারেল সরকারের কাছ থেকে চারটি HUD ফর্মুলা অনুদান কর্মসূচি বাবদ মোট **\$297,908,307** পেয়েছে: CDBG-র জন্য **\$171,459,454**; HOME-এর জন্য **\$65,955,937**; HOPWA-র জন্য **\$45,621,999** এবং ESG-র জন্য **\$14,870,917**।

নিউ ইয়র্ক সিটির *বার্ষিক কর্ম পরিকল্পনা* সম্পর্কিত প্রশ্ন ইমেইলে নিউ ইয়র্ক সিটির একীভূত পরিকল্পনার প্রোগ্রাম ম্যানেজার Lisa Rambaran-কে পাঠাতে হবে [conplannyc@cityhall.nyc.gov](mailto:conplannyc@cityhall.nyc.gov) এই ঠিকানায়।

অনুগ্রহপূর্বক [conplannyc@cityhall.nyc.gov](mailto:conplannyc@cityhall.nyc.gov) এই ঠিকানায় ইমেইল পাঠিয়ে আমাদের ইমেইল তালিকায় অন্তর্ভুক্ত হতে সাইন আপ করুন।

যদি আপনি ইমেইলে ঢুকতে না পারেন তাহলে লিখিতভাবে আপনার যোগাযোগের ঠিকানা নিম্নলিখিত ঠিকানায় জমা দিন:

Lisa Rambaran  
Mayor's Office of Operations  
253 Broadway 10<sup>th</sup> Floor  
New York, New York 10007

নিউ ইয়র্ক সিটি: Eric Adams, মেয়র  
Dan Steinberg, পরিচালক, মেয়রের কার্যালয়

তারিখ: জুন 20, 2024